

বৃত্তান্ত

তারিখ
পৃষ্ঠা ৩৬ কলাম ৬

SEP. 30 2007

বরিশালে পিটিআই শিক্ষার্থীরা সন্ত্রাসীদের হাতে জিম্মি

বরিশাল ব্যুরো

মাগরদী এলাকার কতিপয় সন্ত্রাসী এবং মাতানদের হাতে প্রাইমারি শিক্ষক ট্রেনিং ইন্সটিটিউশনের (পিটিআই) প্রশিক্ষণার্থীরা হুমকি হয়ে পড়েছেন। যখন-তখন বহিরাগত এসব মাতান পিটিআই'র অভ্যন্তরে প্রবেশ করে। সেখানে তারা প্রকাশ্যেই মদ, গাজা খায়। জুয়া বেলে সবার সামনে বসে। হোস্টেলের

বাসিন্দাদের দুর্ভোগ আরও বেশি। ক্রাস চলাকালীন সময় অনেকের রুমের তালা ভেঙে টাকা এবং ছায়া-কাপড় তারা চুরি জিম্মি : পৃষ্ঠা : ২ কলাম : ৬

জিম্মি : পিটিআই

(শেষ পৃষ্ঠার পর)

করে নিয়ে যায়। গত সপ্তাহে একইভাবে মহিলা হোস্টেল থেকে একটি রতিন টিভি চুরি হয়েছে। এমনকি ক্যাম্পাসের মাঠে ক্রাস চলাকালীন সময়ে তারা তিনকটি খেলারও আয়োজন করে। কাদানখা বল দিয়ে প্রশিক্ষকদের পোশাক-পরিচ্ছদ নষ্ট করা হয়। এসব কারণে ক্যাম্পাসে প্রবেশে বহিরাগত ওই মাতানদের বাধা দিলে উল্টো তারা প্রশিক্ষণার্থীদের ক্যাম্পাস ছাড়ার হুমকি দেয়। প্রতিদিনের সুপারিনটেনডেন্ট এবং ইন্সট্রাক্টরদের কোন নির্দেশে তারা ভয়ানক করে না। সেখানের পরিচাক ভবনগুলোতে তারা স্থায়ী অভ্যন্তর ব্যবস্থা করেছে। দিনের বেলা জুয়া এবং সন্ধ্যার পর অসামাজিক কার্যকলাপ চলে ওই স্থানে। সন্ত্রাসীরা ওই ক্যাম্পাসে সহজে যাওয়াযাভের জন্য দেয়াল ভেঙে পথ করে নিয়েছে।